১	মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন প্লট/ফ্ল্যাট লিজ ও পরবর্তী ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ	মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন প্লট/ফ্ল্যাট লিজ ও পরবর্তী ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা এবং তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রথম অর্থবছরে একটি অনলাইনভিত্তিক সেন্ট্রাল এন্ড ইন্টিগ্রেটেড মনিটরিং সিস্টেম প্রতিষ্ঠার প্রাথমিক কার্যক্রম গ্রহণ করা হবে। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের অর্থায়নে পিপিআর মোতাবেক অভিজ্ঞ পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগপূর্বক চুক্তি সম্পাদন সম্পন্ন করা হবে এবং সফটওয়্যারের মনিটরিং ড্যাশবোর্ডসহ ১ম ভার্সন প্রস্তুত করা হবে। একই সঙ্গে মন্ত্রণালয়ের ব্যবস্থাপনাধীন প্লট ও ফ্ল্যাট সংক্রান্ত বিদ্যমান তথ্য-উপাত্ত ডিজিটাল প্ল্যাটফর্মে স্থানান্তর (ডেটা মাইগ্রেশন) সম্পন্ন করা হবে। পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্লট-ফ্ল্যাট সংক্রান্ত ডেটা মাইগ্রেশনের জন্য একটি সমন্বিত পরিকল্পনা প্রণয়ন করা হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা উন্নয়নের উদ্দেশ্যে প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুত করা হবে। এর মাধ্যমে ভবিষ্যৎ পূর্ণাঙ্গ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় কারিগরি ও প্রাতিষ্ঠানিক ভিত্তি তৈরি হবে।	দ্বিতীয় অর্থবছরে পরিকল্পনা অনুযায়ী আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্লট ও ফ্ল্যাট সংক্রান্ত তথ্য ডিজিটাল সিস্টেমে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে স্ব-স্ব অর্থায়নে পৃথক পৃথক চুক্তি সম্পাদন করা হবে। সফটওয়্যারের কার্যকারিতা নিশ্চিত করতে টেস্টিং, হোস্টিং, এপিআই ও পেমেন্ট গেটওয়ে ইন্টিগ্রেশন সম্পন্ন করে লাইভ সার্ভারে সফটওয়্যারের চূড়ান্ত ভার্সন উন্মুক্ত করা হবে। একই সঙ্গে রাজউক ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের (এনএইচএ) ৫০ শতাংশ ডেটা মাইগ্রেশন এবং অন্যান্য দপ্তর/সংস্থাসমূহের শতভাগ ডেটা মাইগ্রেশন সম্পন্ন করা হবে। সিস্টেমের দীর্ঘমেয়াদি পরিচালনা ও রক্ষণাবেক্ষণ সক্ষমতা নিশ্চিত করতে সফটওয়্যারের সোর্স কোড হস্তান্তর করা হবে এবং মন্ত্রণালয় ও আওতাধীন সকল প্রতিষ্ঠানের কারিগরি কর্মকর্তাদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে। এর ফলে একটি সমন্বিত, নিরাপদ ও কার্যকর ডিজিটাল মনিটরিং অবকাঠামো প্রতিষ্ঠিত হবে।	তৃতীয় অর্থবছরে রাজউক ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের (এনএইচএ) অবশিষ্ট ডেটা মাইগ্রেশন সম্পন্ন করা হবে এবং সকল প্রতিষ্ঠানে স্ব-স্ব ডেটা ব্যাকআপ সিস্টেম চালু করা হবে, যাতে তথ্য নিরাপত্তা ও সেবার ধারাবাহিকতা নিশ্চিত করা যায়। একই সঙ্গে সকল প্রতিষ্ঠানের ব্যবহারকারীদের প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হবে এবং সাপোর্ট-মেইন্টেন্যান্স সেবা ও অন-জব প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হবে। পরিকল্পনার চূড়ান্ত ধাপে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্লট/ফ্ল্যাট লিজ, মালিকানা হস্তান্তর, কিস্তি পরিশোধ, নামজারি, হস্তান্তর অনুমোদনসহ পরবর্তী ব্যবস্থাপনার সকল সেবা শতভাগ অনলাইনে প্রদান এবং কেন্দ্রীয় মনিটরিং কার্যক্রম পূর্ণাঙ্গভাবে চালু করা হবে। এর মাধ্যমে সেবাপ্রদান প্রক্রিয়ায় স্বচ্ছতা, জবাবদিহিতা, সময় সাশ্রয় ও দুর্নীতি প্রতিরোধ নিশ্চিত হবে এবং নাগরিক সেবার মান উল্লেখযোগ্যভাবে উন্নত হবে।
২	মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহ সহজিকরণের মাধ্যমে শতভাগ ই-সেবায় রূপান্তর	মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহ সহজিকরণের মাধ্যমে শতভাগ ই-সেবায় রূপান্তরের লক্ষ্যে প্রথম অর্থবছরে বিদ্যমান সকল সেবার তালিকা প্রস্তুত এবং প্রচলিত সেবা প্রদান পদ্ধতির বিশ্লেষণ কার্যক্রম সম্পন্ন করা হবে। এ লক্ষ্যে সকল প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে একটি ই-সেবা বাস্তবায়ন কমিটি গঠন করা হবে, যা সেবা সহজিকরণ ও ডিজিটাল রূপান্তরের উপযোগী সেবাসমূহ চিহ্নিত করবে এবং অগ্রাধিকারভিত্তিক কর্মপরিকল্পনা, Terms of Reference (ToR) ও ব্যয় প্রাক্কলন প্রস্তুত করবে। একই সঙ্গে অনলাইনভিত্তিক সমন্বিত ই-সেবা প্ল্যাটফর্ম উন্নয়নের জন্য পরামর্শক/কারিগরি প্রতিষ্ঠান নিয়োগপূর্বক চুক্তি সম্পাদন করা হবে। এছাড়াও ই-সেবা প্ল্যাটফর্মের প্রথম ভার্সন ও মনিটরিং ড্যাশবোর্ড প্রস্তুত করা হবে এবং নির্বাচিত অগ্রাধিকারভুক্ত সেবাসমূহের জন্য অনলাইন আবেদন, ট্র্যাকিং ও নিষ্পত্তি ব্যবস্থার প্রাথমিক ভার্সন তৈরি করা হবে। কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ পরিকল্পনা ও ব্যবহার নির্দেশিকাও প্রস্তুত করা হবে, যাতে ভবিষ্যৎ বাস্তবায়ন কার্যক্রম কার্যকরভাবে	দ্বিতীয় অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহ অগ্রাধিকারভিত্তিতে ধাপে ধাপে ই-সেবা প্ল্যাটফর্মে অন্তর্ভুক্ত করা হবে এবং কমপক্ষে ৭০ শতাংশ সেবা ডিজিটাল প্ল্যাটফর্মে রূপান্তর সম্পন্ন করা হবে। একই সঙ্গে জাতীয় পরিচয়পত্র যাচাইকরণ ব্যবস্থা, অনলাইন পেমেন্ট গেটওয়ে, এসএমএস ও ই-মেইল নোটিফিকেশন সিস্টেম ইন্টিগ্রেশন সম্পন্ন করা হবে, যাতে নাগরিকরা ঘরে বসেই নিরাপদ ও সহজ উপায়ে সেবা গ্রহণ করতে পারেন। নির্বাচিত দপ্তর/সংস্থাসমূহে পরীক্ষামূলকভাবে (Pilot Basis) ই-সেবা কার্যক্রম চালু করা হবে এবং ব্যবহারকারীদের মতামত ও অভিজ্ঞতার ভিত্তিতে প্রয়োজনীয় উন্নয়ন কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়াও সকল দপ্তর/সংস্থার কারিগরি কর্মকর্তা এবং ব্যবহারকারী কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হবে। তথ্য নিরাপত্তা, ডেটা ব্যাকআপ ও	তৃতীয় অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার সিটিজেন চার্টারভুক্ত সেবাসমূহ শতভাগ ই-সেবায় রূপান্তর সম্পন্ন করা হবে এবং অনলাইন আবেদন, অনুমোদন, ফি পরিশোধ, ট্র্যাকিং ও সেবা প্রদান কার্যক্রম পূর্ণাঙ্গভাবে চালু করা হবে। একই সঙ্গে সকল ব্যবহারকারী ও সেবাগ্রহীতাদের জন্য প্রশিক্ষণ, সচেতনতামূলক কার্যক্রম এবং হেল্পডেস্ক সেবা চালু করা হবে, যাতে নাগরিকরা নির্বিঘ্নে ডিজিটাল সেবা গ্রহণ করতে পারেন। সিস্টেমের ধারাবাহিক কার্যকারিতা নিশ্চিত করার লক্ষ্যে সাপোর্ট-মেইন্টেন্যান্স, অন-জব প্রশিক্ষণ ও নিয়মিত সিস্টেম আপডেট কার্যক্রম পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠানের সাথে দীর্ঘমেয়াদী Service Management চুক্তি সম্পাদন করা হবে। পাশাপাশি মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ই-সেবা কার্যক্রমের কেন্দ্রীয় মনিটরিং, মূল্যায়ন এবং নাগরিক সন্তুষ্টি পরিমাপক

		পরিচালনা করা যায়। তাছাড়া, মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ এবং দপ্তর/সংস্থাসমূহের অধীনস্ত সকল সেবা প্রদানকারী বিভাগ/ জেলা/ উপজেলা/ মাঠ পর্যায়ের অফিস/ কার্যালয়/ ইউনিটসমূহে উন্মুক্ত স্থানে ডিজিটাল স্ক্রীনের মাধ্যমে সংশ্লিষ্ট দপ্তরের সিটিজেন'স চার্টার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে।	সাইবার নিরাপত্তা ব্যবস্থাপনা চালুকরণের মাধ্যমে সিস্টেমের নিরাপত্তা ও স্থায়িত্ব নিশ্চিত করা হবে।	ব্যবস্থা চালু করা হবে, যার মাধ্যমে সেবার মান, জবাবদিহিতা ও প্রশাসনিক দক্ষতা আরও বৃদ্ধি পাবে।
৩	মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার চলমান মামলাসমূহ সুষ্ঠভাবে পরিচালনা ও মনিটরিংয়ের জন্য একটি সমন্বিত অনলাইন সিস্টেম প্রস্তুত ও বাস্তবায়ন	২০২৬-২৭ অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার বিদ্যমান মামলা ব্যবস্থাপনা পদ্ধতির সার্বিক পর্যালোচনা ও বিশ্লেষণ কার্যক্রম সম্পন্ন করা হবে। এ লক্ষ্যে সমন্বিত অনলাইন Case Management and Monitoring System প্রস্তুতের উদ্দেশ্যে বিস্তারিত ToR ও দাপ্তরিক প্রাক্কলন প্রণয়ন করা হবে। পরবর্তীতে সফটওয়্যার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগপূর্বক চুক্তি সম্পাদন করা হবে। একইসঙ্গে সফটওয়্যারের System Architecture, Database Structure ও Security Framework প্রস্তুত করে প্রথম ভার্সন ডেভেলপমেন্ট সম্পন্ন করা হবে। চলমান মামলাসমূহের মধ্যে ন্যূনতম ২০% মামলার তথ্য ডিজিটাল ডাটাবেইসে অন্তর্ভুক্ত করা হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ পরিকল্পনা ও User Manual প্রস্তুত করা হবে।	২০২৭-২৮ অর্থবছরে সফটওয়্যারের Development, Testing, Hosting ও Live Operation কার্যক্রম সম্পন্ন করে তা পরীক্ষামূলকভাবে নির্বাচিত দপ্তর/সংস্থায় চালু করা হবে। মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার চলমান সকল মামলার তথ্য ডাটাবেইজে অন্তর্ভুক্ত করা হবে এবং মামলা নথি, আদালতের আদেশ, শুনানির তারিখ, আইনজীবীর তথ্য ও অগ্রগতি প্রতিবেদন নিয়মিত হালনাগাদ করা হবে। কেন্দ্রীয় Monitoring Dashboard চালুকরণের মাধ্যমে মামলার অগ্রগতি ও নিষ্পত্তির হার পরিবীক্ষণ করা হবে। পাশাপাশি কারিগরি কর্মকর্তা ও ব্যবহারকারী কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হবে এবং তথ্য নিরাপত্তা, ডেটা ব্যাকআপ, Access Control ও Cyber Security ব্যবস্থাপনা চালু করা হবে।	২০২৮-২৯ অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থায় অনলাইন মামলা ব্যবস্থাপনা কার্যক্রম পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন করা হবে। মামলা দায়ের, শুনানি ব্যবস্থাপনা, জবাব প্রস্তুত, আইনগত মতামত প্রদান, অগ্রগতি পরিবীক্ষণ ও মামলা নিষ্পত্তি কার্যক্রম শতভাগ অনলাইন প্ল্যাটফর্মে পরিচালিত হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের জন্য অন-জব ও রিফ্রেশার প্রশিক্ষণ কার্যক্রম চালু রাখা হবে এবং দীর্ঘমেয়াদি সফটওয়্যার রক্ষণাবেক্ষণের জন্য Support & Maintenance Framework চালুকরণ করা হবে। একইসঙ্গে মামলা নিষ্পত্তির সময়সীমা, দায়বদ্ধতা ও কর্মসম্পাদন মূল্যায়নের জন্য কেন্দ্রীয় Monitoring ও Evaluation ব্যবস্থা চালু করা হবে এবং সমন্বিত ডিজিটাল রিপোর্টিং ও অ্যানালিটিক্স ব্যবস্থার মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে।
৪	নবসৃষ্ট উন্নয়ন কর্তৃপক্ষসমূহের বিধিমালা/ নীতিমালা/ প্রবিধানমালা প্রণয়ন	২০২৬-২৭ অর্থবছরে নবসৃষ্ট উন্নয়ন কর্তৃপক্ষসমূহের প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে প্রয়োজনীয় বিধিমালা, নীতিমালা ও প্রবিধানমালার প্রাথমিক খসড়া প্রস্তুত করা হবে। খসড়া প্রণয়নের পূর্বে প্রশাসনিক প্রয়োজনীয়তা ও আইনগত বিষয়সমূহ বিশ্লেষণ করা হবে। প্রস্তুতকৃত খসড়াসমূহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করে অংশীজনদের মতামত গ্রহণ করা হবে। উন্নয়ন কর্তৃপক্ষ, বিশেষজ্ঞ, আইনবিদ ও সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে একাধিক পরামর্শ সভা আয়োজন করা হবে এবং প্রাপ্ত মতামতের ভিত্তিতে ন্যূনতম ২টি বিধিমালা/নীতিমালার চূড়ান্ত খসড়া প্রস্তুত করে অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।	২০২৭-২৮ অর্থবছরে অনুমোদনপ্রাপ্ত নীতিমালার গেজেট প্রকাশ সম্পন্ন করা হবে। একইসঙ্গে অতিরিক্ত ২টি বিধিমালা/নীতিমালা/প্রবিধানমালার খসড়া প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞ ও অংশীজনদের মতামত গ্রহণ করা হবে। মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় সংশোধন সম্পন্ন করে চূড়ান্ত খসড়া প্রস্তুত করা হবে এবং অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে।	২০২৮-২৯ অর্থবছরে অনুমোদনপ্রাপ্ত বিধিমালা ও নীতিমালাসমূহের গেজেট প্রকাশ সম্পন্ন করা হবে এবং অবশিষ্ট বিধিমালা/নীতিমালা/প্রবিধানমালার অনুমোদন কার্যক্রম শেষ করা হবে। প্রণীত বিধিমালার আলোকে নবসৃষ্ট উন্নয়ন কর্তৃপক্ষসমূহের কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় নির্দেশনা জারি করা হবে। পাশাপাশি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের জন্য বাস্তবায়ন নির্দেশিকা, অপারেশনাল গাইডলাইন ও সহায়ক ডকুমেন্ট প্রস্তুত করা হবে।
৫	আবাসন ব্যবস্থা সম্প্রসারণসহ স্বচ্ছতা ও জবাবদিহিতা	২০২৬-২৭ অর্থবছরে প্লট ও ফ্ল্যাট বরাদ্দ প্রক্রিয়ায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে নীতিমালার খসড়া প্রণয়ন করা হবে। খসড়া নীতিমালা অংশীজনদের মতামত গ্রহণের জন্য	২০২৭-২৮ অর্থবছরে প্রাপ্ত মতামত ও সুপারিশ পর্যালোচনা করে নীতিমালার চূড়ান্ত খসড়া প্রস্তুত করা হবে এবং অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ	২০২৮-২৯ অর্থবছরে নীতিমালার সফল বাস্তবায়ন নিশ্চিত করতে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হবে। একইসঙ্গে নীতিমালার আলোকে

	নিশ্চিতকরণের লক্ষ্যে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের প্লট ও ফ্ল্যাট বরাদ্দ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন	মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের অংশগ্রহণে সভা আয়োজন করা হবে।	করা হবে। পরবর্তীতে চূড়ান্ত গেজেট প্রকাশের মাধ্যমে প্লট ও ফ্ল্যাট বরাদ্দ নীতিমালা কার্যকর করা হবে।	প্রয়োজনীয় প্রশাসনিক নির্দেশনা জারি করে মাঠপর্যায়ে বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ করা হবে।
৬	Detail Area Plan (DAP) বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়নপূর্বক বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং ও পরিবীক্ষণ এবং জনসচেতনতা বৃদ্ধিতে প্রচার-প্রচারণা	২০২৬-২৭ অর্থবছরে মন্ত্রণালয়ের সার্বিক সমন্বয় ও তত্ত্বাবধানে এবং রাজউকের ব্যবস্থাপনায় Detail Area Plan (DAP) বাস্তবায়নের লক্ষ্যে একটি সমন্বিত ও সময়োপযোগী কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম গ্রহণ করা হবে। এ লক্ষ্যে নগর পরিকল্পনাবিদ, স্থপতি, প্রকৌশলী, পরিবেশবিদ, স্থানীয় প্রশাসন, জনপ্রতিনিধি, উন্নয়ন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট অংশীজনদের অংশগ্রহণে ধারাবাহিক সেমিনার, মতবিনিময় সভা ও কর্মশালা আয়োজন করা হবে। DAP বাস্তবায়নের ক্ষেত্রে বিদ্যমান চ্যালেঞ্জ, ভূমি ব্যবহার নিয়ন্ত্রণ, পরিবেশ সংরক্ষণ, জলাধার রক্ষা, সড়ক নেটওয়ার্ক উন্নয়ন, ট্রাফিক ব্যবস্থাপনা এবং অবকাঠামোগত সক্ষমতা বৃদ্ধির বিষয়ে সুপারিশ সংগ্রহ করা হবে। একইসঙ্গে DAP বাস্তবায়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি বাস্তবায়ন রোডম্যাপ প্রস্তুত করা হবে। নাগরিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া, সামাজিক যোগাযোগমাধ্যম, ওয়েবসাইট, তথ্যবহুল লিফলেট, ভিডিও কন্টেন্ট ও বিলবোর্ডের মাধ্যমে প্রচার-প্রচারণা কার্যক্রম শুরু করা হবে।	২০২৭-২৮ অর্থবছরে DAP বাস্তবায়নের অগ্রগতি নিয়মিতভাবে পরিবীক্ষণ ও মূল্যায়নের জন্য কেন্দ্রীয় মনিটরিং ব্যবস্থা কার্যকর করা হবে। বাস্তবায়নকারী সংস্থাসমূহের সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা সভা এবং অংশীজন কর্মশালা আয়োজন করা হবে। মাঠপর্যায়ে বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণের মাধ্যমে ভূমি ব্যবহার সংক্রান্ত অনিয়ম, অবৈধ স্থাপনা নির্মাণ, জলাধার ভরাট ও পরিবেশগত ঝুঁকি চিহ্নিত করে প্রয়োজনীয় করণীয় নির্ধারণ করা হবে। একইসঙ্গে পরিকল্পিত নগরায়ণ, পরিবেশবান্ধব উন্নয়ন এবং DAP অনুসরণের গুরুত্ব বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠান, সিটি কর্পোরেশন, স্থানীয় সরকার প্রতিষ্ঠান এবং গণমাধ্যমের সহযোগিতায় ব্যাপক প্রচারণা পরিচালনা করা হবে। বাস্তবায়ন অগ্রগতির ভিত্তিতে ত্রৈমাসিক ও অর্ধবার্ষিক মনিটরিং প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়ে দাখিল করা হবে।	২০২৮-২৯ অর্থবছরে DAP বাস্তবায়নের সার্বিক অগ্রগতি মূল্যায়নপূর্বক একটি সমন্বিত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করা হবে, যেখানে বাস্তবায়নের সফলতা, সীমাবদ্ধতা, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ করণীয় বিশ্লেষণ করা হবে। পরিকল্পিত নগর উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সংস্থাসমূহের মধ্যে সমন্বয় জোরদার এবং বাস্তবায়ন কাঠামো আরও কার্যকর করার জন্য নীতিগত সুপারিশ প্রণয়ন করা হবে। একইসঙ্গে DAP বাস্তবায়নের অভিজ্ঞতার আলোকে দীর্ঘমেয়াদি নগর ব্যবস্থাপনা কৌশল প্রস্তুত করা হবে। নাগরিক সম্পৃক্ততা বৃদ্ধি এবং পরিকল্পিত নগরায়ণ বিষয়ে জনগণের মধ্যে ইতিবাচক মনোভাব গড়ে তুলতে ধারাবাহিক প্রচার-প্রচারণা, গণসচেতনতামূলক কার্যক্রম এবং ডিজিটাল প্ল্যাটফর্মভিত্তিক তথ্যসেবা চালু রাখা হবে।
৭	ভবন নির্মাণে ‘সবুজ পরিমাপক’ মানদণ্ড ও ‘গ্রীন বিল্ডিং’ সার্টিফিকেশন নীতিমালা প্রণয়ন	প্রথম বছরে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নেতৃত্বে গ্রিন বিল্ডিং বাস্তবায়নের জন্য একটি সমন্বিত প্রাতিষ্ঠানিক কাঠামো গড়ে তোলা হবে। এ লক্ষ্যে মন্ত্রণালয়, রাজউক, গণপূর্ত অধিদপ্তর, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, HBRI, পরিবেশ অধিদপ্তর, বাংলাদেশ ব্যাংক, এনবিআর এবং বেসরকারি নির্মাণ খাতের প্রতিনিধিদের সমন্বয়ে জাতীয় বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন (NIEM) কমিটি গঠন করা হবে। একইসাথে HBRI-এর ২ জন কর্মকর্তা এবং NIEM কমিটির সদস্য-সচিবের সমন্বয়ে ৩ সদস্যবিশিষ্ট Research, Development & Coordination (RDC) টিম গঠন করা হবে, যারা আন্তর্জাতিক মানদণ্ড পর্যালোচনা, গবেষণা ও নীতিগত সমন্বয় কার্যক্রম পরিচালনা করবে। এ অর্থবছরে Green Building বাস্তবায়নের জন্য আর্থিক ও নীতিগত প্রণোদনা কাঠামো প্রস্তুত করা হবে। বাংলাদেশ ব্যাংকের Green Transformation Fund (GTF)-এর আওতায় স্বল্পসুদে বিশেষ ঋণ সুবিধা চালুর জন্য	দ্বিতীয় বছরে একটি সরকারি এবং একটি বেসরকারি নির্মাণ প্রকল্পে Green Building Framework-এর পাইলট বাস্তবায়ন শুরু করা হবে। পাইলট প্রকল্পে শক্তি সাশ্রয়ী প্রযুক্তি, বৃষ্টির পানি সংরক্ষণ, সোলার এনার্জি ব্যবহার, সবুজ ছাদ (Green Roof), স্মার্ট ভেন্টিলেশন এবং পরিবেশবান্ধব নির্মাণসামগ্রী ব্যবহারের কার্যকারিতা মূল্যায়ন করা হবে। একইসঙ্গে VR/AR সম্বলিত অনলাইন প্রশিক্ষণ মডিউল এবং AI ভিত্তিক Interactive Green Building Portal তৈরি করা হবে, যাতে স্থপতি, প্রকৌশলী, ডেভেলপার ও সাধারণ নাগরিক সহজে গ্রিন বিল্ডিং সংক্রান্ত নির্দেশনা ও সেবা গ্রহণ করতে পারেন। এ পর্যায়ে দেশব্যাপী সক্ষমতা উন্নয়ন কার্যক্রম জোরদার করা হবে। HBRI-এর তত্ত্বাবধানে Training of	তৃতীয় বছরে পাইলটিং কার্যক্রমের ফলাফল বিশ্লেষণপূর্বক জাতীয় গ্রিন বিল্ডিং নীতিমালার খসড়া সংশোধন ও চূড়ান্তকরণ করা হবে এবং অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। একইসঙ্গে “The Town Improvement Act, ১৯৫৩” এবং “ঢাকা মহানগর ইমারত নির্মাণ বিধিমালা, ২০০৮”-এ Green Building Standard ও Certification Framework অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রয়োজনীয় সংশোধনী প্রস্তাব মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। এর ফলে ভবিষ্যতে ভবন নির্মাণে বাধ্যতামূলক সবুজ মানদণ্ড বাস্তবায়নের আইনগত ভিত্তি তৈরি হবে। এ অর্থবছরে HBRI ক্যাম্পাসে “Green Building Center of Excellence” স্থাপন করা হবে, যেখানে কারিগরি সহায়তা, গবেষণা,

		ঋণ পণ্যের কাঠামো ডিজাইন করা হবে এবং NBR-এর মাধ্যমে কর রেয়াত সুবিধা প্রদানের লক্ষ্যে নীতি প্রস্তাবনা প্রস্তুত করা হবে। একইসঙ্গে আন্তর্জাতিক LEED, EDGE ও BREEAM মডেলের আলোকে বাংলাদেশের প্রেক্ষাপটে উপযোগী সার্টিফিকেশন প্রক্রিয়া, স্কোরিং সিস্টেম, এনার্জি এফিসিয়েন্সি সূচক, ওয়াটার ম্যানেজমেন্ট ও কার্বন রিডাকশন কাঠামো প্রস্তুত করা হবে। অংশীজনের অংশগ্রহণে কর্মশালা আয়োজনের মাধ্যমে জাতীয় গ্রিন বিল্ডিং নীতিমালার খসড়া প্রস্তুত করা হবে।	Trainers (ToT) ও মাঠপর্যায়ের কারিগরি প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে, যার আওতায় মোট ১০০০ জনঘণ্টা প্রশিক্ষণ প্রদান করা হবে। একইসঙ্গে রাজধানী ঢাকা ও বন্দর নগরী চট্টগ্রামসহ দেশের সকল বিভাগীয় ও জেলা শহরে ব্যাপক প্রচার-প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হবে। টেলিভিশন, সামাজিক যোগাযোগমাধ্যম, ডিজিটাল কনটেন্ট, সেমিনার, কর্মশালা ও প্রদর্শনীর মাধ্যমে Green Building-এর অর্থনৈতিক ও পরিবেশগত সুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করা হবে।	প্রশিক্ষণ, ডিজাইন পরামর্শ, সার্টিফিকেশন সাপোর্ট ও প্রযুক্তিগত হেল্পডেস্ক সুবিধা প্রদান করা হবে। একইসঙ্গে জাতীয় পর্যায়ে Green Building Certification System চালুকরণ, বাস্তবায়ন মনিটরিং এবং কর-প্রণোদনা কার্যক্রম পর্যবেক্ষণের জন্য একটি কেন্দ্রীয় ডিজিটাল Monitoring System চালু করা হবে। এর মাধ্যমে টেকসই নগরায়ণ, কার্বন নিঃসরণ হ্রাস এবং পরিবেশবান্ধব অবকাঠামো উন্নয়ন নিশ্চিত করার জন্য দীর্ঘমেয়াদি প্রাতিষ্ঠানিক ভিত্তি গড়ে তোলা হবে।
৮	মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহের জনবল ও প্রাতিষ্ঠানিক কাঠামো শক্তিশালীকরণ	প্রথম অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার বিদ্যমান জনবল কাঠামো, শূন্যপদ, দায়িত্ব বণ্টন, প্রশাসনিক সক্ষমতা এবং বিদ্যমান অর্গানোগ্রামের কার্যকারিতা মূল্যায়নের লক্ষ্যে একটি সমন্বিত সাংগঠনিক ও জনবল জরিপ কার্যক্রম পরিচালনা করা হবে। এ লক্ষ্যে প্রতিটি প্রতিষ্ঠানের অনুমোদিত ও কর্মরত জনবলের তথ্য সংগ্রহ, শূন্যপদ চিহ্নিতকরণ এবং ভবিষ্যৎ জনবল চাহিদা নিরূপণ সম্পন্ন করা হবে। একইসঙ্গে নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম জোরদার করে মোট শূন্যপদের ন্যূনতম ৩০% পূরণের কার্যক্রম গ্রহণ করা হবে। প্রশাসনিক কার্যক্রমের গতি বৃদ্ধি, দায়িত্ব পুনর্বিন্যাস এবং সেবার মানোন্নয়নের লক্ষ্যে অন্তত ৩টি প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম সংশোধন/পুনর্গঠনের প্রস্তাব প্রস্তুত করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।এ অর্থবছরে যেসব প্রতিষ্ঠানে নিজস্ব আইসিটি জনবল বা আইসিটি সেল নেই অথবা বিদ্যমান আইসিটি জনবল প্রয়োজনের তুলনায় অপ্রতুল, সেসব প্রতিষ্ঠানে প্রয়োজনীয় আইসিটি সংশ্লিষ্ট পদ সৃজনের জন্য চাহিদাভিত্তিক বিশ্লেষণ সম্পন্ন করে সচিব কমিটিতে উপস্থাপনের জন্য প্রস্তাব প্রেরণ করা হবে। একইসঙ্গে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের নিয়োগ, প্রশিক্ষণ, পদায়ন, পদোন্নতি, কর্মসম্পাদন মূল্যায়ন, বিভাগীয় মামলা, পিআরএল ও পেনশন ব্যবস্থাপনা আধুনিকীকরণের লক্ষ্যে Integrated & Centralized Human Resource Management System (HRMS) Software উন্নয়নের জন্য ToR, DPP/প্রাক্কলন ও কারিগরি স্পেসিফিকেশন প্রস্তুত করা হবে। পরবর্তীতে পিপিআর মোতাবেক উপযুক্ত পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগপূর্বক চুক্তি সম্পাদন করা হবে এবং HRMS-এর System Architecture, Database Framework ও	দ্বিতীয় অর্থবছরে নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম অধিকতর জোরদার করে মন্ত্রণালয় ও আওতাধীন সকল প্রতিষ্ঠানের ন্যূনতম ৫০% শূন্যপদ পূরণ নিশ্চিত করার কার্যক্রম গ্রহণ করা হবে। একইসঙ্গে আরও ন্যূনতম ৫টি প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম প্রস্তুত/সংশোধনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। অনুমোদনপ্রাপ্ত আইসিটি পদসমূহের বিপরীতে জনবল নিয়োগ বা চুক্তিভিত্তিক আইসিটি জনবল নিয়োগ কার্যক্রম শুরু করা হবে এবং সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে আইসিটি সেল গঠন ও কার্যক্রম চালুকরণ সম্পন্ন করা হবে। এর মাধ্যমে ডিজিটাল গভর্ন্যান্স, তথ্য ব্যবস্থাপনা এবং প্রযুক্তিনির্ভর প্রশাসনিক কাঠামো শক্তিশালী করা হবে।এ পর্যায়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশাসনিক, প্রযুক্তিগত ও ডিজিটাল দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ব্যাপক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে, যার আওতায় প্রতিটি প্রতিষ্ঠানে কমপক্ষে ৩০০ জনঘণ্টা প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করা হবে। একইসঙ্গে HRMS Software-এর Development, Testing, Hosting, Security Audit ও Pilot Implementation কার্যক্রম সম্পন্ন করা হবে। মন্ত্রণালয় ও নির্বাচিত দপ্তর/সংস্থায় HRMS-এর Central Monitoring Dashboard সহ নিয়োগ, পদোন্নতি, প্রশিক্ষণ ও কর্মসম্পাদন মূল্যায়নসহ নির্বাচিত ন্যূনতম ৪টি মডিউল পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন করা হবে এবং অবশিষ্ট মডিউলসমূহ পরীক্ষামূলকভাবে চালুকরণ করা হবে। একইসঙ্গে KPI ভিত্তিক Performance Evaluation System ডিজিটাল	তৃতীয় অর্থবছরে HRMS ব্যবহারের মাধ্যমে নিয়োগ ও পদোন্নতি কার্যক্রম আরও গতিশীল করে মন্ত্রণালয়সহ সকল প্রতিষ্ঠানের মোট শূন্যপদের ন্যূনতম ৮০% পূরণ নিশ্চিত করা হবে। একইসঙ্গে আরও ন্যূনতম ৬টি প্রতিষ্ঠানের অর্গানোগ্রাম প্রস্তুত/সংশোধনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। অনুমোদিত আইসিটি সংশ্লিষ্ট পদসমূহে জনবল নিয়োগ সম্পন্ন করা হবে এবং সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে আইসিটি সেল পূর্ণাঙ্গভাবে কার্যকর করা হবে, যাতে প্রশাসনিক, কারিগরি ও ডিজিটাল কার্যক্রম সমন্বিতভাবে পরিচালিত হতে পারে।এ অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থায় HRMS-এর সকল মডিউল পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন করা হবে এবং নিয়োগ, পদোন্নতি, পদায়ন, প্রশিক্ষণ, কর্মসম্পাদন মূল্যায়ন, বিভাগীয় মামলা, পিআরএল, পেনশন ও প্রশাসনিক ব্যবস্থাপনার সকল কার্যক্রম শতভাগ ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে সম্পাদন নিশ্চিত করা হবে। কেন্দ্রীয় Real-Time Monitoring Dashboard চালুকরণের মাধ্যমে সকল প্রতিষ্ঠানের জনবল, কর্মসম্পাদন, শূন্যপদ, প্রশাসনিক কার্যক্রম ও সেবা প্রদানের অগ্রগতি কেন্দ্রীয়ভাবে পরিবীক্ষণ করা হবে। একইসঙ্গে কর্মকর্তা-কর্মচারীদের জন্য অন-জব প্রশিক্ষণ, রিফ্রেশার প্রশিক্ষণ এবং Change Management কার্যক্রম পরিচালনা করা হবে। দীর্ঘমেয়াদি প্রশাসনিক আধুনিকীকরণ, দক্ষ মানবসম্পদ উন্নয়ন এবং প্রযুক্তিনির্ভর সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে একটি সমন্বিত Institutional Capacity

		Central Monitoring Dashboard-এর প্রাথমিক সংস্করণ প্রস্তুতের কার্যক্রম শুরু করা হবে। পাশাপাশি কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা মূল্যায়নপূর্বক একটি Competency Framework এবং Training Need Assessment (TNA) প্রস্তুত করা হবে, যা ভবিষ্যৎ মানবসম্পদ উন্নয়ন কার্যক্রমের ভিত্তি হিসেবে কাজ করবে।	Attendance & Leave Management এবং অনলাইন Service Book Management চালু করা হবে। তথ্য নিরাপত্তা, ডেটা ব্যাকআপ, Access Control ও Cyber Security ব্যবস্থাপনা কার্যকর করে সিস্টেমের স্থায়িত্ব ও নিরাপত্তা নিশ্চিত করা হবে।	Development Roadmap প্রণয়ন ও বাস্তবায়ন শুরু করা হবে, যার মাধ্যমে দক্ষ, জবাবদিহিমূলক, স্বচ্ছ ও সেবামুখী প্রশাসনিক কাঠামো প্রতিষ্ঠা পাবে।
৯	মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার ব্যবস্থাপনা শক্তিশালীকরণ	২০২৬-২৭ অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এবং তথ্য অধিকার কার্যক্রমের বিদ্যমান অবস্থা মূল্যায়ন ও বিশ্লেষণ কার্যক্রম সম্পন্ন করা হবে। এ লক্ষ্যে অভিযোগ নিষ্পত্তির হার, গড় নিষ্পত্তিকাল, অনিষ্পন্ন অভিযোগ, তথ্য অধিকার আবেদনের অবস্থা এবং বিদ্যমান কার্যক্রমের সীমাবদ্ধতা ও চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করা হবে। একই সঙ্গে সকল দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও তথ্য প্রদান কর্মকর্তাদের তথ্য হালনাগাদপূর্বক একটি সমন্বিত তালিকা প্রস্তুত করা হবে।এ অর্থবছরে সরকারের বিদ্যমান GRS ও RTI সিস্টেম যথাযথভাবে ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে কেন্দ্রীয় মনিটরিং ও ফলোআপ ব্যবস্থা চালুকরণ করা হবে। অভিযোগ ও তথ্য অধিকার আবেদন নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তির জন্য তদারকি কার্যক্রম জোরদার করা হবে এবং মন্ত্রণালয় থেকে নিয়মিত অগ্রগতি পর্যালোচনা কার্যক্রম পরিচালিত হবে। একইসঙ্গে GRS ও RTI বিষয়ক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হবে, যাতে তারা সরকারের বিদ্যমান সিস্টেম কার্যকরভাবে পরিচালনা ও পরিবীক্ষণ করতে পারেন। পাশাপাশি মন্ত্রণালয় ও আওতাধীন সকল প্রতিষ্ঠানে ত্রৈমাসিক অভিযোগ ও তথ্য অধিকার পর্যালোচনা সভা আয়োজন শুরু করা হবে। এর মাধ্যমে অভিযোগ নিষ্পত্তি ও তথ্য অধিকার কার্যক্রমে জবাবদিহিতা ও প্রশাসনিক সক্ষমতা বৃদ্ধি পাবে।	২০২৭-২৮ অর্থবছরে সরকারের বিদ্যমান GRS ও RTI সিস্টেমের কার্যকর ব্যবহার আরও জোরদার করা হবে এবং অভিযোগ ও তথ্য অধিকার আবেদন নিষ্পত্তির হার ন্যূনতম ৮৫ শতাংশে উন্নীত করার লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি ও তথ্য প্রদান নিশ্চিতকরণের জন্য ত্রৈমাসিক পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালিত হবে এবং দপ্তর/সংস্থাভিত্তিক অগ্রগতি নিয়মিতভাবে পর্যালোচনা করা হবে।এ পর্যায়ে পুনরাবৃত্ত অভিযোগ ও তথ্য প্রাপ্তির আবেদনসমূহ বিশ্লেষণপূর্বক মূল কারণ চিহ্নিত করা হবে এবং সমস্যা সমাধানে প্রয়োজনীয় প্রশাসনিক ও প্রক্রিয়াগত প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। একইসঙ্গে সকল দপ্তর/সংস্থার অভিযোগ নিষ্পত্তি ও তথ্য অধিকার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিশেষায়িত প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। অভিযোগ নিষ্পত্তি ও তথ্য অধিকার কার্যক্রমের অগ্রগতি পরিবীক্ষণের জন্য কেন্দ্রীয় প্রতিবেদন ব্যবস্থা চালুকরণ করা হবে, যার মাধ্যমে নিয়মিত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা সম্ভব হবে। এর ফলে অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার কার্যক্রমে অধিকতর সমন্বয়, স্বচ্ছতা ও কার্যকারিতা নিশ্চিত হবে।	২০২৮-২৯ অর্থবছরে সরকারের বিদ্যমান GRS ও RTI সিস্টেম ব্যবহারপূর্বক মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার অভিযোগ ও তথ্য অধিকার আবেদন শতভাগ অনলাইন ট্র্যাকিং ও মনিটরিংয়ের আওতায় আনা হবে। অভিযোগ ও তথ্য অধিকার আবেদন নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ নিষ্পত্তি নিশ্চিত করার লক্ষ্যে কঠোর পরিবীক্ষণ ও ফলোআপ কার্যক্রম পরিচালনা করা হবে। একইসঙ্গে অভিযোগ নিষ্পত্তি ও তথ্য অধিকার কার্যক্রমের কেন্দ্রীয় রিয়েল-টাইম পরিবীক্ষণ ও মূল্যায়ন ব্যবস্থা কার্যকরভাবে চালুকরণ করা হবে, যাতে মন্ত্রণালয় থেকে তাৎক্ষণিকভাবে অগ্রগতি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা যায়।এ অর্থবছরে অভিযোগ প্রতিকার ও তথ্য অধিকার কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও সুশাসন নিশ্চিতকরণের লক্ষ্যে বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত এবং নীতিগত সুপারিশ প্রণয়ন করা হবে। একইসঙ্গে কর্মকর্তা-কর্মচারীদের জন্য রিফ্রেশার প্রশিক্ষণ, অভিজ্ঞতা বিনিময় সভা ও অন-জব সহায়তা কার্যক্রম পরিচালনা করা হবে। পরিকল্পনার চূড়ান্ত ধাপে সরকারের বিদ্যমান GRS ও RTI সিস্টেমের কার্যকর ব্যবহারের মাধ্যমে জনগণের অভিযোগ দ্রুত নিষ্পত্তি, তথ্য অধিকার নিশ্চিতকরণ এবং নাগরিকবান্ধব সেবা প্রদানের একটি টেকসই ও জবাবদিহিমূলক প্রশাসনিক ব্যবস্থা প্রতিষ্ঠা করা হবে।
১০	আন্তর্জাতিক কনভেনশন ও প্রতিশ্রুতিসমূহ পরিপালনপূর্বক সুশাসন নিশ্চিতকরণের মাধ্যমে উন্নয়ন	২০২৬-২৭ অর্থবছরে মূলত আন্তর্জাতিক অঙ্গীকারসমূহ চিহ্নিতকরণ ও পরিপালনের ভিত্তি স্থাপন করা হবে। সে লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আন্তর্জাতিক অঙ্গীকার বাস্তবায়নের প্রথম ধাপে প্রয়োজনীয় ভিত্তি স্থাপনের লক্ষ্যে পাঁচটি গুরুত্বপূর্ণ কার্যক্রম হাতে নেওয়া হবে। প্রথমত, মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিভিন্ন আন্তর্জাতিক দলিল যেমন SDGs, New Urban Agenda, Paris Agreement, Sendai	ভিত্তি স্থাপনের পর ২০২৭-২৮ অর্থবছরে বাস্তবায়ন ও সম্প্রসারণের লক্ষ্যে পাঁচটি গুরুত্বপূর্ণ কার্যক্রম হাতে নেওয়া হবে। প্রথমত, আন্তর্জাতিক অঙ্গীকারসমূহের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ ন্যূনতম তিনটি গবেষণা ও উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হবে। এ লক্ষ্যে প্রথম বছর গবেষণার বিষয় নির্বাচন, প্রয়োজনীয় তথ্য ও সহায়ক সংস্থা চিহ্নিত করে একটি গবেষণা প্রকল্পের প্রস্তাবনা প্রণয়ন ও	২০২৮-২৯ অর্থবছরে চূড়ান্ত পর্যায়ে মূল্যায়ন, সম্প্রসারণ ও দীর্ঘমেয়াদি কৌশল নির্ধারণের লক্ষ্যে পাঁচটি গুরুত্বপূর্ণ কার্যক্রম হাতে নেওয়া হবে। প্রথমত, আন্তর্জাতিক অঙ্গীকার বাস্তবায়নের সামগ্রিক অগ্রগতি মূল্যায়নপূর্বক একটি ত্রিবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করা হবে। তৃতীয় বছর শেষে পূর্ববর্তী তিন বছরের অগ্রগতির ভিত্তিতে বিস্তারিত এই প্রতিবেদনে সাফল্য ও চ্যালেঞ্জ

	সহযোগীদের দৃষ্টি আকর্ষণ এবং বৈদেশিক অংশীদারিত্ব জোরদারকরণ	Framework, CEDAW ও ICESCR-এ বর্ণিত দায়িত্বসমূহ চিহ্নিতকরণের কাজ শুরু হবে। এ লক্ষ্যে আন্তর্জাতিক দলিলসমূহ সংগ্রহ, অনুবাদ ও সংশ্লিষ্ট ধারা চিহ্নিত করে মন্ত্রণালয়ের বিদ্যমান নীতি ও আইনের সাথে সামঞ্জস্য বিচারপূর্বক একটি বিস্তারিত ম্যাপিং রিপোর্ট প্রস্তুত করা হবে। পরবর্তীতে চিহ্নিত দায়িত্বসমূহ যাচাই-বাছাই ও আন্তর্জাতিক বিশেষজ্ঞের মতামত গ্রহণ করে প্রতিবেদনটি চূড়ান্ত করে মন্ত্রণালয়ে জমা দেওয়া হবে, যা সব দপ্তরে প্রচারের মাধ্যমে কার্যকর করা হবে। দ্বিতীয়ত, আন্তর্জাতিক অঙ্গীকার বাস্তবায়ন পরিবীক্ষণের জন্য মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ এবং জাতীয় ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থাসমূহের সমন্বয়ে একটি আন্তঃপ্রাতিষ্ঠানিক কমিটি গঠন করা হবে। এজন্য কমিটির টিওআর প্রণয়ন, সম্ভাব্য সদস্য সংস্থা চিহ্নিতকরণ ও প্রাথমিক সমন্বয় সভা আয়োজনপূর্বক কমিটি গঠনের প্রস্তাব মন্ত্রণালয়ে অনুমোদিত হবে। পরবর্তী ধাপে কমিটির আনুষ্ঠানিক সভা শুরু, সভাপতি ও সদস্যদের চূড়ান্ত নথিবদ্ধকরণ ও কার্যপদ্ধতি নির্ধারণ করা হবে, এবং সর্বশেষে কমিটির ত্রৈমাসিক সভা নিয়মিতকরণ ও কার্যক্রমের রেকর্ড ও বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের মাধ্যমে এর ধারাবাহিকতা নিশ্চিত করা হবে। তৃতীয়ত, আন্তর্জাতিক অঙ্গীকারসমূহের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ চলমান প্রকল্প ও কার্যক্রমের Gap Analysis এবং করণীয় নির্ধারণের মাধ্যমে একটি সমন্বিত ও সময়াবদ্ধ বাস্তবায়ন কর্মপরিকল্পনা প্রস্তুত করা হবে। এতে সকল চলমান প্রকল্পের তালিকা ও নথিপত্র সংগ্রহ করে আন্তর্জাতিক অঙ্গীকারের মানদণ্ডের সাথে তুলনামূলক বিশ্লেষণ করে প্রাথমিক Gap রিপোর্ট প্রস্তুত করা হবে। এরপর ফলাফল যাচাই, করণীয় তালিকা তৈরি এবং দপ্তরভিত্তিক দায়িত্ব ও সময়সীমা নির্ধারণ করে একটি খসড়া কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে, যা চূড়ান্তকরণ ও মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর বাস্তবায়ন শুরু হবে। চতুর্থত, সচেতনতা ও নীতি নির্ধারণী সক্ষমতা বাড়ানোর লক্ষ্যে SDG-১১, Green Building ও Climate Resilient Housing বিষয়ে ন্যূনতম তিনটি নীতিগত কর্মশালা বা সেমিনার আয়োজন করা হবে। প্রথম বছর নীতিনির্ধারক ও পরিকল্পনাবিদদের অংশগ্রহণে SDG-১১ বিষয়ক একটি কর্মশালা, দ্বিতীয় বছর স্থপতি, প্রকৌশলী ও নির্মাণ উদ্যোক্তাদের জন্য Green Building বিষয়ক একটি সেমিনার এবং তৃতীয় বছর দাতা সংস্থা ও গবেষকদের	অনুমোদন করা হবে। দ্বিতীয় বছরে প্রথম গবেষণা প্রকল্পের বাস্তবায়ন শুরু করে দ্বিতীয় প্রকল্পের প্রস্তাবনা প্রণয়ন ও অনুমোদন এবং তৃতীয় গবেষণার বিষয় নির্বাচন সম্পন্ন করা হবে। তৃতীয় বছরে প্রথম গবেষণা প্রকল্পের প্রতিবেদন প্রকাশের পাশাপাশি দ্বিতীয় ও তৃতীয় গবেষণা প্রকল্পের বাস্তবায়ন শুরু বা সমাপ্তির মাধ্যমে তিনটি গবেষণা কার্যক্রম চূড়ান্ত করা হবে। দ্বিতীয়ত, টেকসই নগরায়ণ, জলবায়ু সহনশীল আবাসন ও গ্রিন বিল্ডিং বিষয়ে উন্নয়ন সহযোগী ও দাতা সংস্থার সাথে ন্যূনতম পাঁচটি সমন্বয় সভা আয়োজন করা হবে। প্রথম বছর দাতা সংস্থার তালিকা তৈরি ও সম্ভাব্য অংশীদার চিহ্নিত করে জলবায়ু সহনশীল আবাসন বিষয়ে একটি প্রাথমিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। দ্বিতীয় বছরে টেকসই নগরায়ণ ও গ্রিন বিল্ডিং বিষয়ে দুটি সমন্বয় সভা আয়োজন করা হবে। তৃতীয় বছরে যৌথ প্রকল্প চূড়ান্তকরণ ও সম্ভাব্য বিনিয়োগ বিষয়ক আরও দুটি সমন্বয় সভার মাধ্যমে দাতা সংস্থাগুলোর সাথে কার্যকর অংশীদারিত্ব গড়ে তোলা হবে। তৃতীয়ত, আন্তর্জাতিক প্রতিশ্রুতি বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করে সংশ্লিষ্ট উন্নয়ন সহযোগী ও দাতা সংস্থায় প্রেরণ করা হবে। প্রথম বছরে প্রতিবেদনের ফরম্যাট ও সূচক নির্ধারণ করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহপূর্বক প্রথম বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণ সম্পন্ন হবে। দ্বিতীয় ও তৃতীয় বছরেও একই ধারাবাহিকতায় যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় বার্ষিক প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হবে। চতুর্থত, মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের চলমান প্রকল্পসমূহের ন্যূনতম পঞ্চাশ শতাংশে SDG ও Climate Resilience Indicator অন্তর্ভুক্ত করার লক্ষ্যে কাজ করা হবে। প্রথম বছরে সকল চলমান প্রকল্পের তালিকা তৈরি করে এসডিজি ও ক্লাইমেট রেজিলিয়েন্স সূচক চূড়ান্তকরণপূর্বক বিশ শতাংশ প্রকল্পে সূচক অন্তর্ভুক্তির উদ্যোগ নেওয়া হবে। দ্বিতীয় বছরে অতিরিক্ত বিশ শতাংশ প্রকল্পে সূচক অন্তর্ভুক্তির মাধ্যমে মোট চল্লিশ শতাংশে উন্নীত করা হবে। তৃতীয় বছরে আরও দশ শতাংশ প্রকল্পে সূচক অন্তর্ভুক্তি সম্পন্ন করে মোট পঞ্চাশ শতাংশ লক্ষ্যমাত্রা	চিহ্নিতকরণসহ ভবিষ্যতের জন্য প্রয়োজনীয় করণীয় সুপারিশ অন্তর্ভুক্ত থাকবে, যা পরবর্তী পরিকল্পনা প্রণয়নের ভিত্তি হিসেবে কাজ করবে। দ্বিতীয়ত, মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর ও সংস্থাসমূহের উন্নয়ন প্রকল্পসমূহের ন্যূনতম আশি শতাংশে SDG, Climate Resilience ও Inclusive Housing Indicator বাস্তবায়ন নিশ্চিত করা হবে। প্রথম বছর থেকেই প্রকল্প প্রস্তাবনা তৈরির নির্দেশনায় এসব সূচক সংযোজন বাধ্যতামূলক করে পঞ্চাশ শতাংশ প্রকল্পে অন্তর্ভুক্তি নিশ্চিত করার উদ্যোগ নেওয়া হবে। দ্বিতীয় বছরে অতিরিক্ত বিশ শতাংশ প্রকল্পে সূচক অন্তর্ভুক্তির মাধ্যমে মোট সত্তর শতাংশে উন্নীত করা হবে। তৃতীয় বছরে আরও দশ শতাংশ প্রকল্পে সূচক অন্তর্ভুক্তি সম্পন্ন করে মোট আশি শতাংশ লক্ষ্যমাত্রা অর্জন যাচাই ও প্রতিবেদন প্রস্তুত করা হবে। তৃতীয়ত, আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী ও বৈদেশিক বিনিয়োগকারীদের অংশগ্রহণে ন্যূনতম দুটি Investment Promotion Dialogue বা সম্মেলন আয়োজন করা হবে। প্রথম বছর সম্ভাব্য বিনিয়োগকারী ও দাতা সংস্থার তালিকা তৈরি করে প্রথম সম্মেলনের খসড়া পরিকল্পনা প্রণয়ন করা হবে। দ্বিতীয় বছরে প্রথম Investment Dialogue আয়োজনের মাধ্যমে বাংলাদেশের গৃহায়ন ও নগর উন্নয়ন খাতের সম্ভাবনা ও বিনিয়োগের সুযোগ তুলে ধরা হবে। তৃতীয় বছরে দ্বিতীয় Investment Conference আয়োজন করে ফলো-আপ কার্যক্রম গ্রহণ এবং বিনিয়োগ প্রতিশ্রুতি বাস্তবায়ন পর্যবেক্ষণ ও মূল্যায়ন করা হবে। চতুর্থত, আন্তর্জাতিক প্রতিশ্রুতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ টেকসই আবাসন ও নগর উন্নয়ন বিষয়ক সেরা অনুশীলন বা Best Practice Documentation প্রস্তুত, প্রকাশ ও আন্তর্জাতিক পরিমণ্ডলে প্রচার করা হবে। প্রথম বছরে দেশীয় ও আন্তর্জাতিক সেরা অনুশীলন সংগ্রহ ও বিশ্লেষণ করে নথিপত্রের ধারণা ও ফরম্যাট নির্ধারণ করা হবে। দ্বিতীয় বছরে প্রথম সংস্করণ প্রস্তুত ও প্রকাশ করে আন্তর্জাতিক ফোরামে (যেমন ওয়ার্ল্ড হ্যাবিটেট ডে) উপস্থাপনার মাধ্যমে বাংলাদেশের অগ্রগতি বিশ্বের সামনে তুলে ধরা হবে। তৃতীয় বছরে

		অংশগ্রহণে Climate Resilient Housing বিষয়ক একটি আন্তর্জাতিক সেমিনার আয়োজনের মাধ্যমে জ্ঞান ও দক্ষতা বৃদ্ধি নিশ্চিত করা হবে। পঞ্চমত, আন্তর্জাতিক প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত সকল তথ্য সংগ্রহ ও পরিবীক্ষণের জন্য একটি কেন্দ্রীয় ডাটা ব্যাংক প্রস্তুত করা হবে। প্রথম পর্যায়ে ডাটা ব্যাংকের প্রয়োজনীয়তা ও প্রযুক্তিগত সম্ভাব্যতা যাচাই করে ডাটা ফিল্ড ও সূচক চূড়ান্ত করে সফটওয়্যার ডেভেলপমেন্টের টিওআর প্রণয়ন করা হবে। দ্বিতীয় পর্যায়ে সফটওয়্যার ডেভেলপমেন্ট চুক্তি ও উন্নয়নকাজ শুরু করে প্রাথমিক ডাটা এন্ট্রি ও টেস্টিং সম্পন্ন করা হবে। সর্বশেষে ডাটা ব্যাংক চালু করে ব্যবহারকারীদের প্রশিক্ষণ, বিদ্যমান ডাটা মাইগ্রেশন ও নিয়মিত হালনাগাদ প্রক্রিয়া শুরু করার মাধ্যমে একটি শক্তিশালী তথ্য ব্যবস্থাপনা কাঠামো দাঁড় করানো হবে। এভাবে এই পাঁচটি কার্যক্রমের সমন্বিত বাস্তবায়নের মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গীকার বাস্তবায়নের জন্য একটি মজবুত প্রাতিষ্ঠানিক ও তথ্যভিত্তিক ভিত্তি তৈরি করা সম্ভব হবে।	অর্জন যাচাই ও নিশ্চিত করা হবে। পঞ্চমত, আন্তর্জাতিক মানদণ্ড অনুসরণ করে Green Building ও Energy Efficient Building সংক্রান্ত ন্যূনতম দুটি পাইলট উদ্যোগ গ্রহণ করা হবে। প্রথম বছরে Green Building-এর জন্য একটি পাইলট প্রকল্পের অবস্থান ও নকশা চূড়ান্ত করে প্রয়োজনীয় অনুমোদন নেওয়া হবে। দ্বিতীয় বছরে প্রথম Green Building পাইলট প্রকল্পের বাস্তবায়ন শুরু করার পাশাপাশি Energy Efficient Building-এর জন্য দ্বিতীয় পাইলট প্রকল্পের পরিকল্পনা সম্পন্ন করা হবে। তৃতীয় বছরে উভয় পাইলট প্রকল্পের বাস্তবায়ন সমাপ্ত করে ফলাফল মূল্যায়ন ও প্রতিবেদন প্রকাশ করা হবে। এভাবে গবেষণা, অংশীদারিত্ব, প্রতিবেদন, সূচক অন্তর্ভুক্তি এবং পাইলট প্রকল্প গ্রহণের মাধ্যমে বাস্তবায়ন ও সম্প্রসারণের সকল কর্মকাণ্ড সফলভাবে সম্পন্ন করা সম্ভব হবে।	পূর্ববর্তী অভিজ্ঞতার ভিত্তিতে দ্বিতীয় হালনাগাদ সংস্করণ প্রকাশ করে আন্তর্জাতিক কনফারেন্সে প্রচার এবং সংশ্লিষ্ট দাতা সংস্থায় প্রেরণ করা হবে। চূড়ান্ত পর্যায়ে, আন্তর্জাতিক অঙ্গীকার বাস্তবায়নের মাধ্যমে গৃহায়ন ও নগর উন্নয়ন খাতে বৈদেশিক সহযোগিতা ও বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে একটি দীর্ঘমেয়াদি অ্যাকশন প্ল্যান প্রণয়ন করা হবে। মূল্যায়ন, সম্প্রসারণ ও দীর্ঘমেয়াদি কৌশল নির্ধারণের মাধ্যমে আন্তর্জাতিক অঙ্গীকার বাস্তবায়নের ধারাবাহিকতা নিশ্চিত করায় নগরায়ন ও আবাসন খাতে বিভিন্ন দাতা সংস্থা ও উন্নয়ন সহযোগীসহ বৈদেশিক বিনিয়োগকারীদের অংশীদারিত্ব নিশ্চিত করা সম্ভবপর হবে।
১১	নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব কর্মপরিবেশ ও আবাসন ব্যবস্থা নিশ্চিতকরণ এবং Green Campus নীতি বাস্তবায়ন	২০২৬-২৭: প্রথম অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা-কর্মচারীদের জন্য নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব কর্মপরিবেশ ও আবাসন ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে একটি সমন্বিত কর্মসূচি গ্রহণ করা হবে। এ লক্ষ্যে ঢাকাসহ সারা দেশের গুরুত্বপূর্ণ সরকারি অফিস ও আবাসিক এলাকায় Baseline Survey পরিচালনা করে বিদ্যমান সুযোগ-সুবিধা, সীমাবদ্ধতা ও প্রয়োজনীয়তা নিরূপণ করা হবে এবং সংশ্লিষ্ট অংশীজনদের মতামতের ভিত্তিতে সময়াবদ্ধ Pilot ও Scale-up বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হবে। একইসঙ্গে সচিবালয়সহ ন্যূনতম ৫টি গুরুত্বপূর্ণ সরকারি অফিস ভবনে ল্যাকটেশন কর্নার ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপনপূর্বক পরীক্ষামূলক সেবা কার্যক্রম চালু করা হবে, যা নারী কর্মকর্তা-কর্মচারীদের জন্য সহায়ক কর্মপরিবেশ নিশ্চিত করবে। এছাড়াও ঢাকা শহরের নির্বাচিত সরকারি আবাসিক এলাকায় নিরাপদ খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর ডিপার্টমেন্টাল স্টোর চালুকরণ এবং নিয়মিত মনিটরিং ব্যবস্থার মাধ্যমে ন্যায্যমূল্যে মানসম্মত পণ্য সরবরাহ নিশ্চিত করার উদ্যোগ গ্রহণ করা হবে। Green Campus নীতির অংশ হিসেবে বাংলাদেশ সচিবালয়সহ গুরুত্বপূর্ণ সরকারি অফিস ও আবাসিক এলাকায় বৃক্ষরোপণ, বর্জ্য পৃথকীকরণ এবং প্লাস্টিক ব্যবহার হ্রাস কার্যক্রম পরীক্ষামূলকভাবে বাস্তবায়ন করা হবে। পাশাপাশি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সমন্বয়ে নির্বাচিত সরকারি অফিস	২০২৭-২৮: দ্বিতীয় অর্থবছরে প্রথম বছরের পাইলটিং কার্যক্রমের অভিজ্ঞতা ও মূল্যায়নের ভিত্তিতে নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব কর্মপরিবেশ ও আবাসন ব্যবস্থার কার্যক্রম ঢাকাসহ সকল বিভাগীয় শহরে সম্প্রসারণ করা হবে। এ পর্যায়ে ন্যূনতম ১৫টি গুরুত্বপূর্ণ সরকারি অফিস ভবনে ল্যাকটেশন কর্নার ও শিশু দিবাযত্ন কেন্দ্র স্থাপন এবং কার্যকর সেবা প্রদান নিশ্চিত করা হবে। একইসঙ্গে নির্বাচিত সরকারি অফিস ও আবাসিক এলাকায় নিরাপদ খাদ্য ও নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর ডিপার্টমেন্টাল স্টোর সম্প্রসারণ করা হবে এবং নিয়মিত পরিবীক্ষণ ব্যবস্থার মাধ্যমে পণ্যের গুণগত মান ও ন্যায্যমূল্য নিশ্চিত করা হবে। Green Campus নীতির আওতায় বিভাগীয় শহরসমূহের সরকারি অফিস ও আবাসিক এলাকায় বৃক্ষরোপণ, বৃষ্টির পানি সংরক্ষণ, জ্বালানি সাশ্রয়, সৌরবিদ্যুৎ ব্যবহার, বর্জ্য পুনর্ব্যবহার এবং প্লাস্টিক ব্যবহার হ্রাস কার্যক্রম বাস্তবায়ন করা হবে। একইসঙ্গে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সহযোগিতায় বিভাগীয় শহরের গুরুত্বপূর্ণ সরকারি অফিস ও আবাসিক এলাকায় প্রাথমিক চিকিৎসা কেন্দ্র ও মানসিক স্বাস্থ্য সহায়তা সেবা সম্প্রসারণ করা হবে। প্রথম ও দ্বিতীয় বছরের পাইলটিং এবং Scale-up কার্যক্রমের তথ্য-উপাত্ত ও ফলাফল	২০২৮-২৯: তৃতীয় অর্থবছরে নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও পরিবেশবান্ধব কর্মপরিবেশ ও আবাসন ব্যবস্থা এবং Green Campus নীতি দেশব্যাপী বাস্তবায়নের কার্যক্রম জোরদার করা হবে। দেশের বিভিন্ন জেলাশহরের নির্বাচিত সরকারি অফিস ও আবাসিক এলাকায় ল্যাকটেশন কর্নার, শিশু দিবাযত্ন কেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র ও মানসিক স্বাস্থ্য সহায়তা/কাউন্সেলিং সেবাকেন্দ্র পূর্ণাঙ্গভাবে চালুকরণ করা হবে। একইসঙ্গে সরকারি অফিস ও আবাসিক এলাকায় ডিপার্টমেন্টাল স্টোর চালু করে নিরাপদ খাদ্য, ন্যায্যমূল্য ও পণ্যের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত পরিবীক্ষণ ও ডিজিটাল মনিটরিং ব্যবস্থা চালু করা হবে। Green Campus নীতির আওতায় সারা দেশের সরকারি অফিস ও আবাসিক এলাকায় বৃক্ষরোপণ, বর্জ্য পৃথকীকরণ, প্লাস্টিক ব্যবহার হ্রাস, বৃষ্টির পানি সংরক্ষণ, সৌরবিদ্যুৎ ব্যবহার, জ্বালানি সাশ্রয় ও বর্জ্য পুনর্ব্যবহার কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে কার্বন নিঃসরণ হ্রাস এবং পরিচ্ছন্ন ও টেকসই কর্মপরিবেশ নিশ্চিত করা হবে। পাশাপাশি কর্মকর্তা-কর্মচারীদের জন্য নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা, মানসিক স্বাস্থ্য সহায়তা ও সুস্থতা কার্যক্রম চালু রাখা হবে। পরিকল্পনার চূড়ান্ত ধাপে Best Practice

		ও আবাসিক এলাকায় প্রাথমিক চিকিৎসা কেন্দ্র এবং মানসিক স্বাস্থ্য সহায়তা/কাউন্সেলিং সেবা চালু করা হবে, যাতে কর্মকর্তা-কর্মচারীদের শারীরিক ও মানসিক সুস্থতা নিশ্চিত করা যায়।	বিশ্লেষণপূর্বক ভবিষ্যতে দেশব্যাপী বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উন্নয়ন প্রকল্প/কর্মসূচি গ্রহণ এবং বাস্তবায়ন কার্যক্রম শুরু করা হবে।	Guideline প্রণয়ন, ধারাবাহিক মনিটরিং এবং মূল্যায়ন ব্যবস্থার মাধ্যমে কার্যক্রমসমূহ স্থায়ীকরণ ও দীর্ঘমেয়াদি প্রাতিষ্ঠানিকীকরণ নিশ্চিত করা হবে।
১২	উদ্ভাবনী জ্ঞানভিত্তিক দাপ্তরিক পরিমন্ডল বিনির্মাণে কর্মকর্তা/কর্মচারীগণকে আধুনিক প্রযুক্তিতে সক্ষমতা বৃদ্ধি এবং আইসিটি পেশাজীবীদের বিশেষায়িত দক্ষতা উন্নয়ন	২০২৬-২৭ অর্থবছরে মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তা-কর্মচারীদের ডিজিটাল সক্ষমতা বৃদ্ধি এবং প্রযুক্তিনির্ভর দাপ্তরিক পরিবেশ গড়ে তোলার লক্ষ্যে প্রতিষ্ঠানভিত্তিক ব্যবহারিক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হবে। ই-ফাইলিং, ডেটা ব্যবস্থাপনা, সাইবার নিরাপত্তা, ক্লাউড প্রযুক্তি, অফিস অটোমেশন এবং ডিজিটাল গভর্ন্যান্স বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। আইসিটি পেশাজীবীদের Project Management, Data Management ও Cyber Security বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিশেষায়িত সার্টিফাইড প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ সৃষ্টি করা হবে। একইসঙ্গে আধুনিক প্রযুক্তি ও উদ্ভাবনী প্রশাসনিক ব্যবস্থাপনা বিষয়ে নলেজ শেয়ারিং ইভেন্ট আয়োজন এবং প্রতিষ্ঠানভিত্তিক দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে।	২০২৭-২৮ অর্থবছরে কর্মকর্তা-কর্মচারীদের প্রযুক্তিগত দক্ষতা উন্নয়নের ধারাবাহিকতা বজায় রেখে উন্নত পর্যায়ের প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করা হবে। আইসিটি জনবলকে Artificial Intelligence (AI), Internet of Things (IoT), Blockchain এবং Smart Governance প্রযুক্তির ওপর আন্তর্জাতিক পর্যায়ে প্রশিক্ষণে প্রেরণ করা হবে। একইসঙ্গে ডিজিটাল উদ্ভাবনভিত্তিক দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রণীত কর্মপরিকল্পনার আংশিক বাস্তবায়ন করা হবে। প্রযুক্তিনির্ভর প্রশাসনিক সেবা প্রদানে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ, জ্ঞান ব্যবস্থাপনা এবং আন্তঃদাপ্তরিক অভিজ্ঞতা বিনিময় কার্যক্রম জোরদার করা হবে।	২০২৮-২৯ অর্থবছরে আধুনিক প্রযুক্তিনির্ভর জ্ঞানভিত্তিক দাপ্তরিক পরিবেশ প্রতিষ্ঠার লক্ষ্যে কর্মকর্তা-কর্মচারীদের জন্য ব্যবহারিক ও বিশেষায়িত প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখা হবে। আইসিটি জনবলকে GIS, Drone Technology, Satellite Technology, Big Data Analytics এবং Smart Infrastructure Management বিষয়ে আন্তর্জাতিক প্রশিক্ষণে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। একইসঙ্গে প্রযুক্তিভিত্তিক নলেজ শেয়ারিং ইভেন্ট আয়োজন, গবেষণা কার্যক্রম উৎসাহিতকরণ এবং প্রণীত দক্ষতা উন্নয়ন কর্মপরিকল্পনার পূর্ণাঙ্গ বাস্তবায়ন নিশ্চিত করা হবে।
১৩	মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ এবং তদধীন/ব্যবস্থাপনাধীন সকল আবাসিক ও অফিস ভবনের সাইবার নিরাপত্তা ব্যবস্থা সুসংহতকরণ এবং অফিস ভবনের আইসিটি অবকাঠামো আধুনিকায়নের মাধ্যমে নিরাপদ ডিজিটাল সেবা প্রদান নিশ্চিতকরণ	২০২৬-২৭ অর্থবছরে মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থা এবং তদধীন/ব্যবস্থাপনাধীন সকল আবাসিক ও অফিস ভবনের বিদ্যমান নেটওয়ার্ক, ইন্টারনেট সংযোগ, ডিভাইস ব্যবস্থাপনা, সার্ভার অবকাঠামো এবং সাইবার নিরাপত্তা ব্যবস্থার বর্তমান অবস্থা পর্যালোচনার লক্ষ্যে Secondary Data Based Cyber Risk Assessment কার্যক্রম সম্পন্ন করা হবে। এ কার্যক্রমের আওতায় বিদ্যমান নিরাপত্তা দুর্বলতা, অনিরাপদ ইন্টারনেট ব্যবহার, অননুমোদিত অ্যাক্সেস, তথ্য ফাঁসের সম্ভাব্য ঝুঁকি, দুর্বল পাসওয়ার্ড ব্যবস্থাপনা, অনিরাপদ WiFi ব্যবহার এবং কেন্দ্রীয় মনিটরিংবিহীন নেটওয়ার্ক ব্যবস্থাপনার ঝুঁকিসমূহ চিহ্নিত করা হবে। একইসাথে মন্ত্রণালয়ের অধীন নির্বাচিত সরকারি অফিস ভবনসমূহে উচ্চগতির নিরাপদ নেটওয়ার্ক, Enterprise WiFi, Next Generation Firewall, Secure Gateway, Web Filtering System এবং Encrypted Network Architecture স্থাপনের মাধ্যমে নিরাপদ ডিজিটাল যোগাযোগ অবকাঠামো গড়ে তোলা হবে। এ অর্থবছরে সকল সরকারি আবাসিক ভবনের জন্য “Government Residential Secure Internet Framework (GRSIF)” এবং	২০২৭-২৮ অর্থবছরে কর্মকর্তা-কর্মচারীদের তথ্য নিরাপত্তা, সাইবার সচেতনতা এবং নিরাপদ ডিজিটাল আচরণ নিশ্চিতকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানভিত্তিক Cyber Security Awareness Training কার্যক্রম পরিচালনা করা হবে। এ প্রশিক্ষণে Phishing Attack প্রতিরোধ, নিরাপদ Password Management, Multi-Factor Authentication (MFA), Social Engineering Threat মোকাবিলা, নিরাপদ Remote Access, Data Privacy এবং নিরাপদ সরকারি ডিজিটাল সেবা ব্যবহারের বিষয়ে ব্যবহারিক ধারণা প্রদান করা হবে। পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থার অতিরিক্ত ৮টি গুরুত্বপূর্ণ অফিস ভবনে ICT Infrastructure Modernization কার্যক্রম সম্প্রসারণ করা হবে, যার আওতায় Secure Network Architecture, Smart Switching System, Managed WiFi, Endpoint Security এবং Centralized Authentication System বাস্তবায়ন করা হবে।	২০২৮-২৯ অর্থবছরে সকল সরকারি আবাসিক ভবনে কেন্দ্রীয় নিরাপদ ইন্টারনেট ব্যবস্থাপনা এবং সকল গুরুত্বপূর্ণ অফিস ভবনে সমন্বিত ICT ও Cyber Security Framework পূর্ণাঙ্গভাবে বাস্তবায়ন করা হবে। এর মাধ্যমে মন্ত্রণালয় ও আওতাধীন সকল দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীগণ নিরাপদ, নিরবিচ্ছিন্ন ও কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত ইন্টারনেট সেবা গ্রহণ করতে পারবেন। একইসাথে অফিস ভবনসমূহে Smart Network Management, Secure Access Control, Centralized Authentication এবং নিরাপদ Digital Service Delivery Framework বাস্তবায়নের মাধ্যমে সরকারি ডিজিটাল সেবাসমূহ অধিক নিরাপদ, নির্ভরযোগ্য ও কার্যকর করা হবে। এ অর্থবছরে কেন্দ্রীয় SOC-এর মাধ্যমে AI ভিত্তিক Cyber Threat Intelligence, Predictive Risk Analytics এবং Automated Incident Response System চালু করা হবে, যা সম্ভাব্য সাইবার হামলা পূর্বাভাস, ঝুঁকি বিশ্লেষণ এবং স্বয়ংক্রিয় প্রতিরোধমূলক

		নিরাপদ ইন্টারনেট ব্যবহার নীতিমালা প্রণয়ন করা হবে, যার মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের আবাসিক ভবনে ব্যবহৃত ইন্টারনেট সংযোগসমূহকে কেন্দ্রীয় নিরাপত্তা কাঠামোর আওতায় আনা হবে। এ নীতিমালায় Secure DNS, Content Filtering, User Authentication, লগ সংরক্ষণ, Bandwidth Management এবং নিরাপদ Browsing Policy অন্তর্ভুক্ত থাকবে। পাশাপাশি নির্বাচিত ২টি সরকারি আবাসিক ভবনে কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত Secure Residential Internet Management System পরীক্ষামূলকভাবে চালু করা হবে, যেখানে ব্যবহারকারীগণ নির্ধারিত Authentication System-এর মাধ্যমে নিরাপদ ইন্টারনেট ব্যবহার করতে পারবেন এবং সকল নেটওয়ার্ক ট্রাফিক কেন্দ্রীয়ভাবে মনিটরিংয়ের আওতায় থাকবে।	এ অর্থবছরে কেন্দ্রীয় Security Operation Center (SOC) স্থাপনপূর্বক Real-Time Network Monitoring, Threat Analytics, Security Log Management এবং Automated Alert System চালু করা হবে। SOC-এর মাধ্যমে সকল গুরুত্বপূর্ণ নেটওয়ার্ক কার্যক্রম কেন্দ্রীয়ভাবে পর্যবেক্ষণ, সন্দেহজনক কার্যক্রম শনাক্তকরণ এবং তাৎক্ষণিক প্রতিকার ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে। পাশাপাশি সরকারি আবাসিক ভবনসমূহে Secure WiFi Management, User Authentication, Network Segmentation এবং Safe Browsing Environment বাস্তবায়ন করা হবে, যাতে কর্মকর্তা-কর্মচারীগণ ব্যক্তিগত ব্যয়ে ইন্টারনেট ব্যবহার করলেও তা কেন্দ্রীয় নিরাপত্তা কাঠামোর আওতায় থেকে নিরাপদভাবে পরিচালিত হয় এবং অফিসিয়াল তথ্য ও সিস্টেমসমূহ সাইবার ঝুঁকি থেকে সুরক্ষিত থাকে।	ব্যবস্থা গ্রহণে সহায়তা করবে। পাশাপাশি মন্ত্রণালয়সহ আওতাধীন সকল অফিসে নিয়মিত ICT ও Cyber Security Audit, Vulnerability Assessment এবং Penetration Testing কার্যক্রম চালু করা হবে। একইসাথে কেন্দ্রীয় Monitoring Dashboard চালুকরণের মাধ্যমে মন্ত্রণালয় ও আওতাধীন সকল প্রতিষ্ঠানের সাইবার নিরাপত্তা অবস্থা, নিরাপদ ইন্টারনেট সেবা, নেটওয়ার্ক ব্যবহার, নিরাপত্তা ঝুঁকি এবং ডিজিটাল কার্যক্রমের রিয়েল-টাইম পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা হবে, যার মাধ্যমে দীর্ঘমেয়াদে একটি নিরাপদ, আধুনিক ও টেকসই সরকারি ডিজিটাল ইকোসিস্টেম প্রতিষ্ঠা নিশ্চিত করা সম্ভব হবে।
১৪	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও অধীনস্ত দপ্তর/ সংস্থাসমূহের অডিট ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকল্পে অনলাইনভিত্তিক "সমন্বিত অডিট ব্যাবস্থাপনা, পরিচালনা ও মনিটরিং সিস্টেম" বাস্তবায়ন।	২০২৬-২৭ অর্থবছরে সমন্বিত অনলাইন অডিট ব্যবস্থাপনা ও মনিটরিং সিস্টেম বাস্তবায়নের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ, চুক্তি সম্পাদন এবং সফটওয়্যার উন্নয়ন কার্যক্রম শুরু করা হবে। সফটওয়্যারের মাধ্যমে নিরীক্ষা আপত্তি সংরক্ষণ, জবাব প্রেরণ, অগ্রগতি মনিটরিং এবং রিপোর্টিং ব্যবস্থাকে ডিজিটাল প্ল্যাটফর্মে নিয়ে আসা হবে। ডেটা মাইগ্রেশন, টেস্টিং এবং লাইভ অপারেশন সম্পন্ন করা হবে। একইসঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীদের কারিগরি প্রশিক্ষণ প্রদান এবং User Manual প্রস্তুত করা হবে।	২০২৭-২৮ অর্থবছরে অনলাইন অডিট ব্যবস্থাপনা সিস্টেমের মাধ্যমে নিয়মিত নিরীক্ষা ও মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হবে। দীর্ঘদিনের অনিষ্পন্ন নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য জবাব প্রেরণ কার্যক্রম জোরদার করা হবে এবং চলমান বছরের নিরীক্ষা আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হবে। একইসঙ্গে কেন্দ্রীয় Monitoring Dashboard-এর মাধ্যমে নিরীক্ষা আপত্তির অবস্থা, জবাব দাখিলের অগ্রগতি এবং নিষ্পত্তির হার পরিবীক্ষণ করা হবে।	২০২৮-২৯ অর্থবছরে অধিকাংশ অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তি সম্পন্ন করা হবে এবং চলমান নিরীক্ষা আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য স্বয়ংক্রিয় পরিবীক্ষণ ব্যবস্থা চালুকরণ করা হবে। সফটওয়্যারে AI-ভিত্তিক Decision Support System সংযোজনের মাধ্যমে জবাব প্রস্তুত, ঝুঁকি বিশ্লেষণ এবং নিরীক্ষা কার্যক্রম আরও কার্যকর করা হবে। একইসঙ্গে অডিট ব্যবস্থাপনায় স্বচ্ছতা, জবাবদিহিতা এবং তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করতে দীর্ঘমেয়াদি রক্ষণাবেক্ষণ ও প্রযুক্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করা হবে।
